IIMC Library Clipping Service Source: News: Anandabazar Patrika. p: 11 Dated: 01-05-2025

# ম্যানেজমেন্ট পাঠের কেন্দ্র

নিজস্ব সংবাদদাতা

ম্যানেজমেন্ট পড়ে হয়তো কোনও সংস্থার বড় কর্তা হওয়া যায়। কিন্তু সেই পাঠের সঙ্গে যদি মূল্যবোধ সম্পৃক্ত না থাকে, তা হলে কি যিনি ম্যানেজমেন্ট পড়ছেন, তিনি সেই সংস্থাকে প্রকৃত দিশা দেখাতে পারবেন? মানুষের মূল্যবোধকে এতটাই বড় করে দেখার কথা বলতেন আইআইএম, কলকাতার প্রাক্তন অধ্যাপক সিতাংশুকুমার চক্রবর্তী। ২০১৯ সালে এই অধ্যাপকের প্রয়াণের পরে আইআইএম, কলকাতার প্রাক্তন অধিকর্তা সুবীর চৌধুরীর উদ্যোগে তৈরি হয় 'প্রফেসর সিতাংশুকুমার চক্রবর্তী মেমোরিয়াল ট্রাস্ট'।

বুধবার সেই ট্রাস্ট নতুন ভাবে পথ চলা শুরু করল। ট্রাস্টের চেয়ারম্যান সুবীর বলেন, "এই ট্রাস্টের অধীনে ভবানীপুরে তৈরি হয়েছে ম্যানেজমেন্ট সেন্টার ফর হিউম্যান ডেভেলপমেন্ট। আইআইএমের প্রাক্তন অধ্যাপকেরা এখানে ম্যানেজমেন্ট পড়ানোর সঙ্গে মূল্যবোধেরও পাঠ দেবেন।"